শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২.৬৬৭(৪০)          তারিখ ঃ ২২ শ্রাবণ, ১৪৩০। / ০৬ আগস্ট, ২০২৩।

বিষয় ঃ উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ১০ আগস্ট, ২০২৩ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের আগস্ট, ২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ০৯-০৮-২০২৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

( সিব্বির আহমেদ )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১) ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রণে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস, কুড়িগ্রাম।
(বিশেষ আমন্ত্রণে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
১১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৯) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম
২০) চেয়ারম্যান,..........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২১) জনাব...............................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২.৬৬৭(৪০)/১(৪)          তারিখ ঃ ২২ শ্রাবণ, ১৪৩০। / ০৬ আগস্ট, ২০২৩।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২।
২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।
৫। অফিস নথি।

(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

# উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : আগস্ট, ২০২৩ সভার তারিখ: ১০/০৮/২০২৩, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 0174644455-26 | — | |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722416887 | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | [illegible] | [illegible] .com | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01745763080 | uaofulkuri@gmail.com | |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | 01320133438 | ocfulbari@gmail | |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01816410506 | raihansarder98@gmail.com | |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722061195 | ue.fulbari.kur@lged.gov.bd | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718996474 | ueofulkuri@gmail.com | |
| ১২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস(আমন্ত্রিত)। | 01769407421 | | |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711-415267 | useofulbarikurigram@gmail.com | |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01740313499 | usso.phulbari@gmail.com | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-401808 | sabujkumargupta07@gmail.com | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01793069797 | ummekulsumurdofulbari@gmail.com | |
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01703508903 | | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724-913930 | uwaofulkuri@gmail.com | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01721765808 | | |
| ২১ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01704725104 | [illegible]@gmail.com | |
| ২২ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711415111 | | |
| ২৩ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, কুড়িগ্রাম (আমন্ত্রিত) | | | |

উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : আগস্ট, ২০২৩   সভার তারিখ: ১০/০৮/২০২৩, সময় : বেলা- ১১.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৭৬৭৭১৫০ | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | ০১৭১৯২০৬৮৬১ | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৭ | বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আজিজার রহমান (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | 01718387045 | | |

# উপজেলা পরিষদ
## ফুলবাড়ী, কুড়িগ্রাম।
## আগস্ট, ২০২৩ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | বীর মুক্তিযোদ্ধা মো: গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ । |
| তারিখ | ঃ | ১০ আগস্ট, ২০২৩। |
| সময় | ঃ | বেলা ১১.০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো ।

সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান ।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সিব্বির আহমেদ সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। তিনি ফুলবাড়ী উপজেলায় ৩১/৭/২০২৩ তারিখে যোগদান করেন সভায় উপস্থিত সকলের সাথে পরিচয় পর্বশেষে ফুলবাড়ী উপজেলাকে শোভা বর্ধিত ও সুন্দরভাবে সাজাতে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী) আলোচনা :

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অফিস (এলজিইডি) | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, বিগত ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি) আওতায় ফুলবাড়ী ইউপি'র অধীন কুটিচন্দ্রখানা মৌজার আজিজ এর জোলের পার্শ্বে জনসাধারনের সাময়িক চলাচলের জন্য কালভার্ট যার প্রাক্কলিত মূল্য=২,১০,০০০/- অনুযায়ী ৫% কমে চুক্তিমূল্য=১,৯৯,৫০০/- মাত্র নির্বাচিত ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স অপু ট্রেডার্স, কুড়িগ্রাম কর্তৃক বাস্তবায়িত হয়েছে। কিন্তু সাম্প্রতিক অতি বৃষ্টিপাতের ফলে প্রবল পানির চাপে নির্মিত কালভার্টটি আংশিক ক্ষতিগ্রস্থ হয়েছে। ফলে উক্ত রাস্তা দিয়ে জনসাধারনের চলাচলের সমস্যা সৃষ্টি হয়েছে। রাস্তাটি জনগুরুত্বপূর্ণ হওয়ায় ক্ষতিগ্রস্থ কালভার্টটি জরুরীভাবে অপসারন পূর্বক নতুন কালভার্ট দরকার। জনসাধারণের স্বাভাবিক চলাচলের ব্যবস্থা নেয়া যেতে পারে বলে তিনি সভায় অবহিত করেন। বর্তমানে আংশিক ক্ষতিগ্রস্থ কালভার্টটি নিলামের মাধ্যমে বিক্রয়ের ব্যবস্থা নেয়া যেতে পারে। | আলোচনান্তে বর্ণিত ব্রিজটি নির্মাণের ব্যাপারে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সভায় উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হলো | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | এছাড়া সভায় উপজেলা প্রকৌশলী জানান UTMIDP প্রকল্পের আওতায় ফুলবাড়ী উপজেলায় ৭০০মিঃ সড়ক, ৪০০মিঃ ড্রেন, ১০মিঃ কালভাট, ১টি পাবলিক টয়লেট, ১টি কসাই খানা ও কাঁচা বাজার নির্মাণ করার সুযোগ আছে। এমতাবস্থায়, উপজেলা পরিষদ চেয়ারম্যান (১) নাওডাঙ্গা (সড়ক আইডি নং-১৪৯১৮৫০৫৩) পুলের পাড় হতে আজিজুল ব্রিজ সড়কের ১১৫০মিঃ চেইনেজে ১টি ৪.৫০মিটারের ডাবল ভেন্ট বক্স কালভার্ট নির্মাণের প্রস্তাব করেন। তিনি আরও | প্রস্তাবিত টয়লেটটি ফুলবাড়ী বাজার অথবা মিয়াপাড়া বাজারের সুবিধাজনক স্থানে নির্মাণের জন্য উপজেলা প্রকৌশলীকে পরিদর্শনের জন্য অনুরোধ করা হয়। সভায় উক্ত বিষয়গুলি নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং প্রস্তাব গুলি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/২)

| | | | |
|---|---|---|---|
| | (২) (সড়ক আইডি নং-১৪৯১৮৪১০৩) ফুলবাড়ী উপজেলা হেড কোয়ার্টার হতে ব্রাক অফিস ভায়া উপজেলা পরিষদ ক্যাম্পাস সড়ক উন্নয়ন (৩) (সড়ক আইডি নং-১৪৯১৮৫১২৭) ফুলবাড়ী বালারহাট সড়ক (ফুলবাড়ী) হতে শিমুলবাড়ী ইউপি পাঁকা সড়ক (নয়নটারী মসজিদ সড়ক) উন্নয়নের প্রস্তাব করেন। (৪) (সড়ক আইডি নং-১৪৯১৮৫০১৪) কবিরমামুদ হতে সোনাইকাজী সড়ক উন্নয়নের প্রস্তাব করেন।<br>সভায় তিনি (৫) উপজেলা পরিষদ গেট হতে কলোনীপাড়া ভায়া হারুন চেয়ারম্যানের বাড়ির ড্রেনটি নির্মাণের প্রস্তাব করেন। এছাড়া ফুলবাড়ী বাজার, বোর্ডের হাট বাজার এবং বালারহাট বাজারের উন্নয়ন করা প্রয়োজন মর্মে জানান।<br>সভায় উপজেলা প্রকৌশলী আরও অবহিত করেন যে, উপজেলা চেয়ারম্যান বাসভবন এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নির্মাণের প্রস্তাব ইতিপূর্বে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করার উদ্যোগ গ্রহণ করা হয়। কিন্তু স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার স্মারক নং-৪৬.০৪৫.০২২.১০.০১.০০১.২০২২-৭৯৩ তারিখ-২৩/০৭/২০২৩খ্রিঃ মূলে নতুন রেট সিডিউল অনুযায়ী পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য বলা হয়েছে। এ সময় তিনি অবহিত করেন যে, অর্থ বরাদ্দ না থাকায় উপজেলা চেয়ারম্যান বাসভবন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের প্রস্তাবিত স্থানে সয়েল টেষ্ট করা সম্ভব হয়নি। কিন্তু নির্মিতব্য উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন এবং হলরুম প্রস্তাবিত ভবন ২টি থেকে মাত্র ২৫০মিঃ দূরে হওয়ায় উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন এবং হলরুমের জন্য কৃত সয়েল টেষ্টকে বিবেচনা করে ভবন ২টির জন্য প্রস্তাব প্রেরণ করা যেতে পারে। এক্ষেত্রে ভবন ২টি নির্মাণের জন্য (১,৫৭,৩৩,৪৩৭/- + ১,৫৭,৩৩,৪৩৭/-)= ৩,১৪,৬৬,৮৭৪/-টাকার প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হলে | আলোচনান্তে বর্ণিত বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হলো। | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম |

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান যে, অত্র উপজেলায় উপজেলা নির্বাচন অফিসার যোগদান করেছেন। তিনি উপজেলা পরিষদ সরকারি বাসায় বসবাসের জন্য আবেদন করেছেন। কিন্তু বর্তমানে বসবাসের জন্য ফাঁকা কোন বাসা না থাকায় আরডি-২ ভবনের ১টি ইউনিটে অবস্থানরত ভাড়াটিয়াকে নন-গেজেটেড ভবনের ১টি ইউনিটে স্থানান্তর করা যেতে পারে। এ ক্ষেত্রে উক্ত বাসা ২টি মেরামত করার জন্য =৩,৫০,০০০/-টাকার প্রয়োজন হবে মর্মে সভায় উপজেলা প্রকৌশলী মতামত দেন। উহার ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা যেতে পারে। এবিষয়ে সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে নিম্নবর্ণিত ২টি প্রকল্প কমিটির মাধ্যমে মেরামত কাজ সম্পন্ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | গেজেটেড কোয়ার্টারের ১টি ইউনিট মেরামত করণ। | | | | |
| | ১। মোঃ মাহাবুল হক খন্দকার | ইউপি সদস্য (বড়ভিটা) | সভাপতি | ১,৫০,০০০/- | প্রঃ কমিটি |
| | ২। মোঃ রুহুল আমিন | গণ্যমান্য | সদস্য সচিব | | |
| | ৩। মোঃ এনামুল হক | শিক্ষক | সদস্য | | |
| | ৪। মোঃ মোশারফ আলী | ঈমাম | সদস্য | | |
| | ৫। মোঃ সাহেব আলী | মুক্তিযোদ্ধা | সদস্য | | |

(চলমান/০৩)

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২ | আরডি-২ ভবনের ১টি ইউনিট মেরামত করণ। | | | ২০০০০০/- | প্রঃ কমিটি |
| | ১। শ্রী মাখন চন্দ্র | ইউপি সদস্য (ফুলবাড়ী) | সভাপতি | | |
| | ২। শ্রী কানাই সেন | গণ্যমান্য | সদস্য সচিব | | |
| | ৩। শ্রী ভা রত চন্দ্র | শিক্ষক | সদস্য | | |
| | ৪। মোঃ আমিনুল ইসলাম | ঈমাম | সদস্য | | |
| | ৫। মোঃ জাইদুল হক | মুক্তিযোদ্ধা | সদস্য | | |

উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায় জানান যে, অতিবৃষ্টির কারণে গংগারহাট হতে খড়িবাড়ী গামী সড়কের গংগারহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিকট সড়ক ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে এবং সড়ক বিচ্ছিন্ন হওয়ায় যানবাহন চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। এমতাবস্থায় সড়কটি জরুরী ভিত্তিতে মেরামত করে যাবাহন চলাচলের উপযোগী করতে রাজস্ব খাতের অপ্রত্যাশিত খাত হতে ৫০,০০০/- টাকার প্রস্তাব করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে পিআইসি এর মাধ্যমে কাজটি বাস্তবায়নের নিমিত্ত প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

অতিবৃষ্টির কারণে গংগারহাট হতে খড়িবাড়ী গামী সড়কের গংগারহাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিকট সড়ক মেরামতকরণ, প্রাক্কলিত মূল্য ৫০,০০০/- টাকা।

<u>প্রকল্প বাস্তবায়ন কমিটি</u>

১) জনাব মো: আজগার আলী, ইউপি সদস্য, ফুলবাড়ী ইউপি - সভাপতি
২) শ্রী কানাই সেন, গণ্যমান্য- সদস্য সচিব
৩) শ্রী ভারত চন্দ্র, শিক্ষক- সদস্য
৪) মো: আমিনুল ইসলাম, ইমাম- সদস্য
৫) মো: জাইদুল হক, বীর মুক্তিযোদ্ধা- সদস্য

<table>
<tr>
<td>উপজেলা প্রাণি সম্পদ `বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত জুলাই, ২০২৩ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২৩৮৫টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১০৫৮৬টি</td></tr>
<tr><td>৩</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>৪২৩২টি</td></tr>
<tr><td>৪</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৫৪৫০০টি</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>৪১০টি</td></tr>
<tr><td>৬</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>৯৭ টি</td></tr>
<tr><td>৭</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৫টি</td></tr>
<tr><td>৮</td><td>নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ</td><td>১৫টি</td></tr>
<tr><td>৯</td><td>উঠান বৈঠকে অংশগ্রহনকারীর সংখ্যা</td><td>৭০ জন</td></tr>
<tr><td>১০</td><td>ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প স্থাপন</td><td>০১</td></tr>
<tr><td>১১</td><td>উন্নত জাতের ঘাষ চাষ কার্যক্রম</td><td>০.১৭ একর</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
</table>

(চলমান পাতা/৪)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান,<br>(ক) খরিপ-২ মৌসুমে অত্র উপজেলায় মোট ১১৪৫০ হে: জমিতে রোপা আমন চাষ হয়েছে। কাঙ্খিত ফলন পেতে রোপা আমন ক্ষেতে পার্চিং আলোক ফাঁদ স্থাপনসহ বিভিন্ন প্রযুক্তির ব্যবহারে কৃষকগণকে পরামর্শ প্রদান করা হচ্ছে।<br>(খ) অনাবাদী পতিত জমির ব্যবহারের মাধ্যমে কৃষকের পুষ্টির চাহিদা পূরণে পারিবারিক পুষ্টি বাগান স্থাপনে কৃষকগণকে পরামর্শ প্রদানসহ প্রদর্শনী প্লট স্থাপন করা হচ্ছে।<br>(গ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এব্যাপারে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে সার ডিলার দোকান পরিদর্শন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মনিরটরিং কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফি ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম এবং বিভিন্ন রোগের চিকিৎসাসহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোভিড বর্তমানে নেই। হাসপাতাল কর্তৃপক্ষ সাধারণ মানুষের স্বাস্থ্যসেবা দিতে সচেষ্ট রয়েছে। | সভায় আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান আরো বৃদ্ধি করতে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার (অ:দা:) ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তাঁর বিভাগ কর্তৃক ২৪ জুলাই থেকে ৩০ জুলাই, ২০২৩ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপিত হয়েছে এবং জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে ফুলবাড়ী উপজেলার ১৫টি জলাশয়ে ২৫৮ কেজি পোনামাছ অবমুক্ত করা হয়েছে। | সভায় আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রমসহ মৎস্য সম্পদের উন্নয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিস, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>(ক) জুলাই, ২০২৩ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতের আওতায় ৮০৯ জনকে ১,৫৮,৪৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) জুলাই, ২০২৩ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮১৮৯ জনকে ১৭,৬১,৩৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) জুলাই, ২০২৩ পর্যন্ত উত্তরবঙ্গ ২য় পর্ব প্রকল্পের আওতায় ৩৬১ জনকে ১,০৭,৭৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>২। জুলাই, ২০২৩ পর্যন্ত ৮০৩৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮৫%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৭৫% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১)দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। । |

(চলমান/৫)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। নতুন কারিকুলাম শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে যথাযথভাবে প্রশিক্ষণ বাস্তবায়ন পর্যবেক্ষণ করা হচ্ছে;<br>২। ২০২১ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট পরীক্ষা চলমান;<br>৩। ২০২৩ সালের এইচএসসি, এইচএসসি(বিএমটি) পরীক্ষা কেন্দ্র প্রস্তুতি কার্যক্রম চলমান;<br>৪। নির্ধারিত সময়ে শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম চলমান;<br>৫। ডেঙ্গু প্রতিরোধে প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের মাঝে সচেতনতা সৃষ্টি ও পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান;<br>৬। মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান থেকে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য অনলাইনে আপলোড কার্যক্রম চলমান;<br>৭। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যানড্রয়েড সেটে e-mail ও facebook ব্যবহার চালু রাখা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তাঁর দপ্তর কর্তৃক আগস্ট/২০২৩ মাসে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে :<br>১। ২০২৩-২০২৪ চক্রের উপকারভোগীদের জুলাই ২০২৩ মাসের চাউল (খাদ্য শষ্য) বরাদ্দ পাওয়া যায়নি। পরবর্তীতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জুলাই ও আগস্ট/২০২৩ মাসের ডিও জারী করা হবে।<br>২। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে অনলাইনে আবেদন চলমান রয়েছে। উল্লেখ্য, চলতি অর্থবছরের প্রতি ইউনিয়নে প্রতিমাসে ৬(ছয়)জন করে ভাতাভোগী বরাদ্দ পাওয়া গেছে। যা জুলাই ২০২৩ মাস হতে কার্যকর হবে। | সভায় আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে | উপজেলা মহিলা বিষয়ক কর্তকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস | ডেপুটি জোনাল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। জাতীয় গ্রিড থেকে যে ভাবে বিদ্যুৎ পাওয়া যায়, সে ভাবেই প্রতিটি লাইনে বিদ্যুৎ বিতরণ করা হয়ে থাকে। ৩৩ হাজার ভোল্টের লালমনিরহাট-ফুলবাড়ী ও নাগেশ্বরী বিদ্যুৎ লাইন আলাদা করার কাজ চলমান। লাইনটি আলাদা হলে ফুলবাড়ীতে বিদ্যুৎ ভালো পাওয়া যাবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। আসন্ন এইচ.এস.সি ও সমমানের পরীক্ষা কেন্দ্রে যদি বিদ্যুৎ না থাকে, বিষয়টি তাঁকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ফুলবাড়ী উপজেলায় সঠিকভাবে বিদ্যুৎ বিতরণের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ করা হয়। | ডেপুটি জোনাল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক ঋণ বিতরণ ও আদায় যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। তাঁর বিভাগ কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম আপাতত: বন্ধ রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ কার্যক্রমসহ দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ কার্যক্রম পুনরায় চালু করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৬)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তাঁর দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম বাস্তবায়িত হয়েছে :<br>১। বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট-২০২৩ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট-২০২৩ উপজেলা পর্যায়ের প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে;<br>২।প্রাথমিক বিদ্যালয়ের ক্ষুদ্র মেরামতের কাজ চলমান রয়েছে;<br>৩। যে সকল বিদ্যালয়ের এস.এম.সি গঠন হয়নি, সে সকল বিদ্যালয়ের এস.এম.সি গঠনের কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে এবং বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। | উপজেলা শি... অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক গত জুলাই, ২০২৩ মাসে নিম্নোক্ত কার্যক্রম পরিচালনা করা হয়:<br>১। পুরুষ বন্ধ্যাকরণ-০০, ২। মহিলা বন্ধাকরণ-০৭ জন; ৩। আইইউডি-৬৮ জন; ৪। ইমপ্লান-৬৯ জন, ৫। ইনজেকশন-২৭৮১ জন, ৬। খাবার বড়ি ৬৩৬২ জন; ৭। কনডম-৩০৭ জন; ৮। মোট গর্ভবতী সংখ্যা- ১২৬৯ জন; ৯। সেবা প্রাপ্ত গর্ভবতীর সংখ্যা ৮৭৬ জন, ১০। মোট প্রসব সংখ্যা-১৭১ জন; ১১। ০-০৫ বছরের শিশুর সেবা- ৬৫২ জন; ১২। সাধারণ রোগীর সেবা-২৫১৪ জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | পরিবার পরিকল্পনা বিভাগের মা ও শিশু স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকতা, ফুলবাড়ী, কুড়িগ্রাম |
| ফুলবাড়ী থানা | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ফুলবাড়ী উপজেলার বিভিন্ন স্থানে মাদক নিয়ন্ত্রণের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে। ধরলা ব্রীজের পশ্চিম পার্শ্বে চেক পোস্টের সামনে রাস্তায় বড় করে স্পীড ব্রেকার দেয়ার জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন। ফুলবাড়ী থানা হতে বাজার গামী রাস্তায় দোকানদারগণ দোকানের কিছু মালামাল রাস্তার উপড়ে রাখে ফলে চলাচলে বিভিন্ন সময়ে অসুবিধার সম্মুখীন হতে হয়। দোকানদারগণ যাতে দোকানের মালামাল রাস্তায় না রাখে সে বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করেন। | ১। মাদক প্রতিরোধের লক্ষ্যে পুলিশি অভিযান জোরদার করতে হবে।<br>২। ফুলবাড়ী বাজার হতে থানাগামী রাস্তায় দোকানের মালামাল যাতে না রাখে সে বিষয়ে দোকানদারগণকে সতর্ক করতে হবে। | ১। অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা। |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভিন্ন প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৭)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। (১) চলমান ২০২৩-২০২৪ অর্থবছরে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃতা এবং মহিলা ভাতার লাইফ ভেরিফিকেশন, কার্যক্রম চলমান। উক্ত কাজটি দ্রুত সম্পন্ন করত: ইউনিয়ন কমিটির মাধ্যমে হালনাগাদ তালিকা প্রস্তুতপূর্বক উপজেলা কমিটির নিকট উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সেইসাথে চলমান ২০২৩-২০২৪ অর্থবছরে উক্ত ভাতা ০৩(তিন)টির অনলাইন আবেদন চালু হয়েছে। এমতাবস্থায় উপরোক্ত বয়স্ক, বিধবা ও স্বামী পরিত্যাক্তা ব্যক্তিদেরকে অনলাইনে আবেদন করার জন্য পরামর্শ প্রদান করা হয়। এ জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের প্রচারনার জন্য অনুরোধ জানান। প্রতিবন্ধী ভাতার জন্য প্রদিবন্ধী জরিপ করত: উপজেলা সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে সুবর্ণ নাগরিক কার্ড সংগ্রহ করে অনলাইনে আবেদনের জন্য পরামর্শ প্রদান করেন।<br>(২) উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়ের সামনে দু'টি কড়াই গাছ ও দু'টি নারিকেল গাছ ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে। যে কোন অবস্থায় ঝড়ে উক্ত গাছের ডাল ভেঙ্গে পড়ে প্রাণহানিসহ ভবনের মারাত্মক ক্ষতির সম্ভাবনা রয়েছে। তাই অনতিবিলম্বে উক্ত গাছ ০৪(চার)টি অপসারণ জরুরী হয়ে পড়েছে। | উপজেলা সমাজসেবা অফিস কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন ভাতা বিতরণ কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে।<br>উপজেলা সমাজসেবা কার্যালয়ের সামনে ঝুঁকিপুর্ণ দু'টি কড়াই গাছ ও দু'টি নারিকেল গাছ সরেজমিনে পরিদর্শনপূর্বক গাছ ০৪টি কর্তনের প্রয়োজনীয়তা ও মূল্য নির্ধারণ করতে হবে | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br><br>ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ | জনাব মো: হাছেন আলী, চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, গ্রাম আদালতসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নে গ্রাম পুলিশ প্রয়োজন। কিন্তু তাঁর ইউনিয়ন পরিষদ সচিবসহ গ্রাম পুলিশের শূন্য পদে নিয়োগ দেয়া প্রয়োজন। চলমান বন্যায় নাওডাঙ্গা ইউনিয়নে বিভিন্ন রাস্তা ভেঙ্গে গিয়েছে। যা মেরামত করা প্রয়োজন। অত্র ইউনিয়নে মাদকের ব্যবহার তুলনামূলক বেশী হওয়ায় পুলিশি তৎপরতা বৃদ্ধি করার জন্য অনুরোধ জানান। | ১। ইউনিয়ন পরিষদ সচিবসহ গ্রাম পুলিশের শূন্য পদে নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। বন্যা পরবর্তী বিভিন্ন রাস্তা সরেজমিন পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। মাদক প্রতিরোধে পুলিশি তৎপরতা বৃদ্ধি করতে হবে | ১। চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউপি<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>৩। অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা। |
| বড়ভিটা ইউনিয়ন পরিষদ | জনাব মো: আতাউর রহমান, চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তাঁর ইউনিয়ন পরিষদের সাথে বড়ভিটা উচ্চ বিদ্যালয় অবস্থিত। সামান্য বৃষ্টির পানিতে ইউনিয়ন পরিষদ ও বিদ্যালয় মাঠে পানি জমে থাকে, ফলে চলাচলে দারুণভাবে ব্যাঘাত সৃষ্টি হয়। তাছাড়া ইউনিয়ন পরিষদ ও উচ্চ বিদ্যালয় গামী রাস্তাটি মেরামত/পুন: নির্মাণ করা আশু প্রয়োজন। গ্রাম পুলিশের পদ শূন্য। শূন্য পদে গ্রাম পুলিশ নিয়োগের বিষয়ে অত্র সভার অনুমোদন প্রয়োজন। তিনি জানান, তাঁর ইউনিয়নটি বন্যা কবলিত। বন্যা পরবর্তী সময়ে ভেঙ্গে যাওয়া রাস্তা মেরামত/সংস্কার এবং ধরলা নদীর ভাঙ্গন রোধ করার জন্য অনুরোধ জানান। | ১। গ্রাম পুলিশের শূন্য পদে লোক নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। বন্যা পরবর্তী বিভিন্ন রাস্তা সরেজমিন পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান, বড়ভিটা ইউপি<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ | জনাব মো: হারুন-অর-রশীদ, চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, ফুলবাড়ী বাজারের পানি নিস্কাশনের ড্রেনটি উপজেলা পরিষদের সীমানা প্রাচীরের কারণে বন্ধ হয়ে যায়। তিনি ড্রেনটি মেরামত/সংস্কারের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। তাঁর ইউনিয়নে কয়েকটি গ্রাম পুলিশের পদ শূন্য রয়েছে। ফলে জন্ম নিবন্ধনসহ দৈনন্দিন অন্যান্য কাজ পরিচালনায় অসুবিধা হচ্ছে। তিনি শূন্য পদে গ্রাম পুলিশ নিয়োগের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১। গ্রাম পুলিশের শূন্য পদে লোক নিয়োগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। ড্রেনটি সরেজমিনে পরিদর্শনপূর্বক পরবর্তী সভায় প্রতিবেদন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান, ফুলবাড়ী ইউপি।<br>২। উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান/৮)

| | | | |
|---|---|---|---|
| মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি | বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আজিজার রহমান সভাকে অবহিত করেন যে, ধরলা ব্রীজের পশ্চিম পার্শ্বের রাস্তায় বড় স্পীড ব্রেকার নির্মাণ, চেক পোস্ট এলাকার রাস্তায় বৃক্ষরোপন, মাদক প্রতিরোধ এবং উপজেলা পরিষদের শোভা বর্ধনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়নের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | ধরলা ব্রীজের পশ্চিম পার্শ্বের রাস্তায় বড় স্পীড ব্রেকার নির্মাণ, চেক পোস্ট এলাকার রাস্তায় বৃক্ষরোপন, মাদক প্রতিরোধ এবং উপজেলা পরিষদের শোভা বর্ধনসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>৩। উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| ভাইস-চেয়ারম্যান | জনাব মো: আব্দুল লতিফ, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভাকে অবহিত করেন যে, উন্নয়ন অগ্রযাত্রায় ফুলবাড়ী উপজেলার রাস্তাসমূহের মধ্যে পানিমাছকুটি হতে জকুরটল পর্যন্ত রাস্তার নির্মাণ কাজ নিম্নমানের হচ্ছে, তা দেখার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | সভায় আলোচনান্তে কাজটি সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | (ক) উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ও আনসার সেডে ব্যবহৃত আগস্ট /২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ১০,৪২৯/-(দশ হাজার চারশত উনত্রিশ) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, চেয়ারম্যান উপজেলা পরিষদ ও আনসার সেড উপজেলা পরিষদ ব্যবহৃত আগস্ট/২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ১০,৪২৯/- (দশ হাজার চারশত উনত্রিশ) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | (খ) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (খ) অনুচ্ছেদ মোতাবেক ১৫ আগস্ট, ২০২৩ শোক দিবসের ব্যয় নির্বাহের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকার ব্যয় নির্বাহের জন্য সভায় আলোচনা হয়। | সভায় ১৫ আগস্ট, ২০২৩ শোক দিবসের ব্যয় নির্বাহের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা উত্তোলনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| | (গ) বীর মুক্তিযোদ্ধা জনাব মো: গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য সকল সদস্যকে অনুরোধ জানান এবং অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। উপজেলা পরিষদ চত্বর দৃষ্টি নন্দন করার লক্ষ্যে পুরাতন ভবনসমূহ ভেঙ্গে নতুন ভবন নির্মাণকরণ এবং উপজেলা পরিষদে সৌন্দর্য বর্ধক গাছ লাগানোর জন্য অনুরোধ জানান। | অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন, উপজেলা পরিষদ চত্বর দৃষ্টি নন্দন করার লক্ষ্যে পুরাতন ভবনসমূহ ভেঙ্গে নতুন ভবন নির্মাণ এবং উপজেলা পরিষদে তাল ও নারিকেল গাছ লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার।<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। সংশ্লিষ্ট সকল। |

(চলমান/৯)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিষদের বিবিধ আলোচনা | (ঘ) ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস তাঁর কার্যালয়ের ১২/০৭/২০২৩ তারিখের ২৭.১২.৪৯১৮.৫৫০.১১০০.২১.২৩-৪১৪ নং স্মারকে উপজেলা পরিষদ নন-গেজেটেড কোয়ার্টার-২ এর বাসার বৈদ্যুতিক মিটার হতে পানির পাম্পের লাইন আলাদা করার নিমিত্তে নতুন মিটার সংযোগ প্রদানের জন্য সংযোগতব্য স্পট মিটার বোর্ড ও গ্রাউন্ডিং রড স্থাপনপূর্বক প্রয়োজনীয় ওয়্যারিং সম্পন্ন করত: পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে আবেদন ফি বাবদ ১১৫/- টাকা, নিরাপত্তা জামানত বাবদ ৪০০/- টাকা, সদস্য ফি ৫০/- টাকা এবং ওয়্যারিং খরচ বাবদ ৯৩৫/- টাকা সর্বমোট ১,৫০০/- টাকা প্রয়োজন মর্মে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উক্ত ১,৫০০/- টাকার খরচ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| | (ঙ) উপজেলা পরিষদ চেয়ারম্যানের ব্যবহৃত জীপগাড়ীটি প্রায় অকেজো এবং এটি জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় হবে। যাহা উপজেলা পরিষদ গঠন ও ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ণ) অনুচ্ছেদ মোতাবেক ব্যয় করা হবে। সে মোতাবেক সকল কাগজপত্র প্রস্তুত করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জীপগাড়ী মেরামত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মন্ত্রণালয়ের অনুমতি গ্রহনপূর্বক ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিল থেকে ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২৩-৬৭৮ তারিখ: ০১ ভাদ্র, ১৪৩০। / ১৬ আগস্ট, ২০২৩।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ........................................................................, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৬। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৭। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। উপজেলা.......................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান...............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। জনাব................................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। অফিস নথি।

১৬/৮/২৩

(সিব্বির আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন: ০২৫৮৯৯-৫৩৪১১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

১৬/০৮/২৩